পিতার দুয়ারে দাঁড়াইয়া সবে   ভুলে যাও অভিমান ।
এসো, ভাই, এসো  প্রাণে প্রাণে আজি  রেখো না রে ব্যবধান ॥
সংসারের ধুলা ধুয়ে ফেলে এসো,   মুখে লয়ে এসো হাসি ।
হৃদয়ের থালে লয়ে এসো, ভাই,  প্রেমফুল রাশি-রাশি ॥
নীরস হৃদয়ে আপনা লইয়ে   রহিলে তাঁহারে ভুলে—
অনাথ জনের মুখপানে আহা,   চাহিলে না মুখ তুলে !
কঠোর আঘাতে ব্যথা পেলে কত  ব্যথিলে পরের প্রাণ—
তুচ্ছ কথা নিয়ে বিবাদে মাতিয়ে   দিবা হল অবসান ॥
তাঁর কাছে এসে তবুও কি আজি  আপনারে ভুলিবে না ।
হৃদয়মাঝারে ডেকে নিতে তাঁরে  হৃদয় কি খুলিবে না ।
লইব বাঁটিয়া সকলে মিলিয়া    প্রেমের অমৃত তাঁরি—
পিতার অসীম ধনরতনের  সকলেই অধিকারী ॥

---

Parjaay: Puja O Prarthana, Taal: Ektaal, Raag: Bahaar

Visit www.geetabitan.com for notation and other detail